



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-২১৩

রাজশাহীতে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের বিভাগীয় বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত

রাজশাহী; ০৯ ফাল্গুন (২২ ফেব্রুয়ারি):

আজ শনিবার (২২ ফেব্রুয়ারি) রাজশাহী মুক্তিযুদ্ধ স্মৃতি স্টেডিয়ামে রাজশাহী বিভাগে কর্মরত সরকারি কর্মচারী ও তাদের সন্তানদের অংশগ্রহণে ৩৬তম বিভাগীয় বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা-২০২৫ অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি হিসেবে এ ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন করেন বিভাগীয় কমিশনার খোন্দকার আজিম আহমেদ।

এ উপলক্ষে সকালে প্রতাকা উদ্বোধন, মার্চপাস্ট, মশাল প্রজ্ঞালন এবং মিশন বালিকা উচ্চ বিদ্যালয়ের পক্ষ থেকে মনোজ্ঞ ডিসপ্লে প্রদর্শন করা হয়।

প্রধান অতিথির বক্তৃতায় বিভাগীয় কমিশনার বলেন, বিভিন্ন উপজেলা ও জেলা পর্যায়ে যারা চ্যাম্পিয়ন হয়েছে তারাই বিভাগীয় পর্যায়ে এসেছে। আজকে সেরাদের প্রতিযোগিতা হবে, তাদের সেরা পারফর্মেন্স দেখব। ক্রীড়ার যে নিয়ম-কানুন আছে তার প্রতি শ্রদ্ধা রেখে আমরা পারস্পরিক সহযোগিতা ও সহমর্মিতার সাথে এ প্রতিযোগিতা উপভোগ করব।

তিনি বলেন, এই খেলার ধারণা নিয়ে খেলোয়াড়রা সুন্দর বাংলাদেশ বিনির্মাণে সামনে এগিয়ে যাবে।

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের অতিরিক্ত মহাপরিচালক এ.কে.এম আবদুল্লাহ খান এর সভাপতিত্বে অনুষ্ঠানে স্থানীয় সরকার বিভাগের পরিচালক পারভেজ রায়হান, অতিরিক্ত বিভাগীয় কমিশনার মো. রেজাউল আলম সরকার ও মো. আক্তার জামিল এবং জেলা প্রশাসক আফিয়া আখতার উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে বিভিন্ন সরকারি দণ্ডরের কর্মকর্তা-কর্মচারী ও তাদের সন্তানরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের রাজশাহী বিভাগের পরিচালক তারেক রহমান।

প্রতিযোগিতা শেষে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন বিভাগীয় কমিশনার।

.....
তৌহিদ/আতিক/রঞ্জল/হালিম/২০২৫/১৪:০০ ঘ.